গাংনীতে ভ্রাম্যমাণ আদালতে মাটি বহনকারির জরিমানা

মেহেরপুরের গাংনীতে গ্রামীণ সড়কে ভারী যানবাহন চালিয়ে মাটি পরিবহন করায় মোঃ কালু মিয়া নামের একজনকে বিশ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত। কালু মিয়া আলমডাঙ্গা থানার উসলামপুর গ্রামের আব্দুস সালামের ছেলে।

বুধবার বেলা ১১ টার সময় ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন গাংনী উপজেলা ভুমি কর্মকর্তা ও সহকারি কমিশনার(ভুমি) নাদির হোসেন শামীম।

আদালত পরিচালনা কারি নির্বাহী ম্যাজিস্ট্রেট নাদির হোসেন শামীম জানান, গাংনী উপজেলার কাজিপুর ইউনিয়নের বেতবাড়িয়া গ্রামে মাটি কেটে ভাটায় নিয়ে যাচ্ছে এমন অভিযোগ প্রমাণিত হওয়ায় ইট প্রস্তত ও ভাটা স্থাপন নিয়ন্ত্রণ আইন, ২০১৩ এর ৫(৪) ও ১৫ ধারায় তাকে জরিমানা করা হয়। ভ্রাম্যমাণ আদালত পরিচালনায় সহায়তা করেন গাংনী থানা পুলিশের একটি টীম।

গাংনীতে আলোর পথে যুব উন্নয়ন সংস্থা’র উদ্যোগে ইফতার মাহফিল

গাংনী উপজেলার আলোর পথে যুব উন্নয়ন সংস্থা’র উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার (১২ এপ্রিল) সন্ধ্যায় গাংনী উপজেলার নূর মোহাম্মদ রাবিয়া দারুস উলুম এতিমখানায় এ ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

এসময় আলোর পথে যুব উন্নয়ন সংস্থা’র চেয়ারম্যান এহসান কবির সবুজ

এর সভাপতিত্বে উপস্থিত ছিলেন বাংলাদেশ প্রতিদিনের জেলা প্রতিনিধি মাহবুবুল হক পোলেন, সংগঠনের সদস্য সচিব মামুন পারভেজ, কার্য নিবার্হী সদস্য সাজ্জাদ হোসেন (সুমন), সাধারণ সদস্য ফিরোজ হোসেন, সাব্বির আহম্মেদ, জয় আহম্মেদ, সাকিব চৌধুরী সহ স্থানীয় গণ্যমান্য কর্মী, ব্যক্তিবর্গ ও এতিমখানার মাওলানা ও শিশুরা উপস্থিত ছিলেন।

গাংনীর সাহেবনগরে পানিতে ডুবে এক শিশুর মৃত্যু

গাংনী উপজেলার কাজিপুর ইউনিয়নের সাহেবনগর গ্রামের উত্তর পাড়ায় ফাহিম হোসেন (৮) নামের এক শিশু পুকুরের পানিতে ডুবে মৃত্যুবরণ করেছে। শিশু ফাহিম সাহেবনগর গ্রামের উত্তরপাড়ার কৃষক আরিফুল ইসলামের ছেলে।

গতকাল মঙ্গলবার দুপুরের দিকে সাহেবনগর গ্রামের দামুস বিলের একটি পুকুরে ফাহিম সহ তার ২জন বন্ধু গোসল করতে যায়। গোসলের এক পর্যায়ে মাছধরার চেষ্টা করার সময় পুকুরের গভীরে পানিতে ডুবে তার মৃত্যু হয়। পরে ফাহিমের বন্ধুদের চিৎকারে স্থানীয়রা গিয়ে তার মরদেহ উদ্ধার করে।

সাহেবনগর গ্রামের বাসিন্দা সুজন হোসেন জানান, ফাহিম সহ তার আরো দুই বন্ধু গ্রামের দামুস বিলের পুকুরে গোসল করতে যায়। এক পর্যায়ে সে আকস্মিক ভাবে পানির নিচে ডুবে যায়। অনেক খোঁজাখুজির পর তার মরদেহ পানি থেকে উদ্ধার করা হয় ।

গতকাল মঙ্গলবার বিকেলে ফাহিমের জানাজা শেষে স্থানীয় কবরস্থানে দাফন সম্পন্ন হয়।

স্থানীয়দের বরাত দিয়ে ঘটনার তথ্য নিশ্চিত করেছেন গাংনী থানার ওসি (তদন্ত) মনোজিৎ কুমার নন্দী।

গাংনীতে বিদ্যুত লাইনের তারে জড়িয়ে শিশু আহত

মেহেরপুরের গাংনী উপজেলা শহরের পশু হাসপাতাল পাড়ায় বিদ্যুত লাইনের তারে বেধে যাওয়া ঘুড়ি পাড়তে (নামাতে) গিয়ে জুবায়ের হোসেন
(১০) নামের এক শিশু বিদ্যুত স্পৃষ্টে আহত হয়েছে। শিশু জুবায়ের পশু হাসপাতাল পাড়ায় বসবাসকারি ও টায়ার ব্যবসায়ি মহব্বত আলীর ছেলে।

আজ সোমবার বিকেল সাড়ে ৩টার দিকে নিজ বাড়ির পাশে এ দুর্ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান,শিশু জুবায়ের এদিন বিকেলে ঘুড়ি উড়াচ্ছিল। ঘুড়িটি হঠাৎ বিদ্যুত লাইনের মেইন তারে জড়িয়ে যায়। জুবায়ের একটি লোহার রড দিয়ে খোঁচা দিয়ে ঘুড়িটি নামাতে যায়।

এসময় বিদ্যুত স্পৃষ্টে সে গুরুতর আহত হয়। পরিবার ও প্রতিবেশীরা তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন।

“বোমা গুলু থুয়ে গেলাম পরের বার তোদের মাথাই ফেলবো কথাটা মোনে রাখিস”

“বিষ লাক টকা চাদা না দেওয়া পজন্ত এই ঘরে একটা ইট গাতা জদি হয় তাহলে এই বোমা গুলু থুয়ে গেলাম পরের বার তোদের মাথাই ফেলবো কথাটা মোনে রাখিস” চিরকুট সংবলিত ৪ হাতবোমা সাদৃশ্য বস্তু উদ্ধার করেছে পুলিশ।

আজ সোমবার (১০ এপ্রিল) সকালর ৯ টার দিকে গাংনী থানার উপপরিদর্শক

(এসআই) মাসুদুর রহমান ও এসআই জিয়াউর রহমানসহ সঙ্গীয় ফোর্স গাংনী উপজেলার হিজলবাড়িয়া গ্রামের মোল্লাপাড়া এলাকার বিশারথ আলীর বাড়ির সামনের সিঁড়ি থেকে এই বোমা সাদৃশ্য বস্তুগুলো উদ্ধার করেন। তবে, এগুলো আদৌ বোমা কিনা তা পরীক্ষা নিরিক্ষা করছেন পুলিশ।

এর আগে সকাল ৭ টার দিকে বিশারথ আলীর বাড়ির সিঁড়িতে বাজার করা একটি ব্যাগের উপর লাল কসটেপ মোড়ানো বোমাগুলি দেখে পুলিশকে খবর দেন বাড়ির লোক।

গাংনী থানার উপপরিদর্শক (এসআই) মাসুদুর রহমান বলেন, হিজলবাড়িয়া গ্রামের মোল্লাপাড়া এলাকার বিশারথ আলীর বাড়ির শিঁড়ির উপর বোমাগুলো দেখে পুলিশকে খবর দিলে ঘটনাস্থলে এসে বোমা সাদৃশ্য বস্তুগুলো উদ্ধার করে পানি ভর্তি বালতিতে রাখা হয়েছে। বোমার উপর একটি চিরকুট পাওয়া গেছে। সেখানে ২০ লাখ টাকা চাঁদা দাবী করেছে দূর্বৃত্তরা। তবে এগুলো যাছাই বাছাই করা হচ্ছে।

বাড়ির মালিক বিশারথ আলী বলেন, আমি একটি বাড়ি বানাচ্ছি। একারনে, এই বোমা ও চিরকুট রেখে গেছে দূর্বৃত্তরা। এখন আমার পরিবারের মাঝে আতংক শুরু হয়েছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক বলেন, খবর পেয়ে ঘটনাস্থল থেকে লাল কসটেপ মোড়ানো বোমা সাদৃশ্য ৪ টি বস্তু উদ্ধার করা হয়েছে। সেগুলো আসলে বোমা কিনা খতিয়ে দেখা হচ্ছে। এছাড়া এলাকায় আতংক ধরানোর জন্য যারাই এই কাজটি করেছে তাদের খুঁজে বের করে আইনের আওতায় আনা হবে।

গাংনীতে ৪ বাড়িতে অগ্নিকান্ড; আগুন নেভাতে গিয়ে কৃষক দগ্ধ

মেহেরপুরের গাংনী উপজেলার কাজীপুর ইউনিয়নের হাড়াভাঙ্গা গ্রামের হাজীপাড়ায় ৪টি বাড়িতে অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। এ সময় আগুন নেভাতে গিয়ে শফিকুল ইসলাম (৪৫) নামের এক কৃষক আগুনে পুড়ে

মারাত্মক ভাবে আহত হয়েছেন। কৃষক শফিকুল ওই গ্রামের আবু সৈয়দ মন্ডলের ছেলে।

গতকাল রবিবার রাত সাড়ে ৮ টার দিকে ওই গ্রামের শফিকুল ইসলামসহ ৪টি বসতবাড়িতে অগ্নিকান্ডের ঘটনা ঘটে। বাড়ির রান্না ঘরের চূলা থেকে অগ্নিকান্ডের সূত্রপাত হয়।

আহত শফিকুল ইসলাম জানান, প্রথমে আমার এক প্রতিবেশীর বাড়ির রান্না ঘরের চূলা থেকে আগুন লেগে তার পুরো ঘরে আগুন ছড়িয়ে পড়ে। পরবর্তিতে আমার বাড়িসহ আরো ২জনের বাড়িতে অগ্নিকান্ডের ঘটনা ঘটে।

স্থানীয় লোকজন দ্রুত সময়ে আগুন নিয়ন্ত্রণের চেষ্টা করে ব্যর্থ হয়ে বামন্দী ফায়ার স্টেশনে খবর দেয়া হয়। ফায়ার সার্ভিসের একটিদল দ্রুত সময়ের মধ্যে এসে আগুন নিয়ন্ত্রণে আনে। ৪টি বাড়ির আনুমানিক প্রায় ৫ লক্ষাধিক টাকার ক্ষয়ক্ষতি হয়েছে।

এদিকে আগুন নেভাতে গিয়ে কৃষক শফিকুল আহত হয়েছেন। আহত শফিকুলকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক চিকিৎসক (আরএমও) মারুফ হোসেন জানান, আহত শফিকুল ইসলামের শরীরে ৬০ শতাংশ পুড়ে গেছে। হাসপাতালে নিবিড় পর্যবেক্ষণে রেখে চিকিৎসা দেয়া হচ্ছে।

গাংনীতে সেলিম আহমেদের উদ্যোগে ইফতার মাহফিল

মেহেরপুর জেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক সেলিম আহমেদের উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার (৯ এপ্রিল) গাংনী উপজেলার কাজিপুর কাচারি ফুটবল মাঠে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

জেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক সেলিম আহমেদের সভাপতিত্বে জেলা বিএনপি’র সভাপতি সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন, জেলা বিএনপি’র যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুবুর রহমান, সাবেক চেয়ারম্যান

আব্দুল আউয়াল বিশ্বাস, সাংগঠনিক সম্পাদক জুলফিকার আলী ভুট্টো, গাংনী উপজেলা বিএনপির সভাপতি রেজাউল হক, সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু, উপজেলা বিএনপির সহ-সভাপতি ও কাজিপুর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক মতিয়ার রহমান মোল্লা, পৌর বিএনপি’র সাধারণ সম্পাদক মকবুল হোসেন মেঘলা, জেলা ছাত্রদলের সভাপতি নাজমুল হক, গাংনী পৌর ছাত্রদলের সাবেক আহ্বায়ক রেজানুল হক ইমন, কাজিপুর ইউনিয়ন বিএনপি’র সহ-সভাপতি শাহাবুদ্দিন, কাজিপুর যুবদলের আহ্বায়ক আজমাইন হোসেন, সদস্য সচিব হাসিবুর রহমান বকুলসহ জেলা, উপজেলা, পৌর, ও ইউনিয়ন বিএনপির অঙ্গ সংগঠনের নেতাকর্মী সহ বিভিন্ন গ্রাম থেকে আগত প্রায় তিন হাজার ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

গাংনীতে সার বোঝায় ট্রাক ও চাউল বোঝায় নাটা হাম্বার উল্টে খাদে

সার বোঝায় দ্রুতগতির একটি ট্রাক ও চাউল বোঝায় একটি নাটা হাম্পার গাড়ি নিয়ন্ত্রণ হারিয়ে উল্টে খাদে পড়েছে। আজ রবিবার সন্ধ্যায় গাংনীর কাঁথুলী সড়কের নওপাড়া গ্রামে ঘটনা ঘটে। তবে এ ঘটনায় কোন হতাহতের ঘটনা ঘটেনি ।

স্থানীয়রা জানান, রাফিউল এন্টার প্রাইজ নামক একটি ট্রাক যার নম্বর ঝিনাইদহ ট- ১১-৫৫২ কুষ্টিয়া থেকে ৪২৯ বস্তা রাসায়নিক সার নিয়ে গাংনীর কাথুলী সড়ক হয়ে মেহেরপুরে যাচ্ছিল। একই সাথে একটি নাটা হাম্বার গাড়ি গাংনীর খাদ্য গুদাম থেকে ১৩০ বস্তা চাউল ভর্তি করে গাড়াবাড়িয়ার দিকে যাচ্ছিল। দুটি গাড়ি নপারা বাজারের সন্নিকটে পোছালে একটি পাখি ভ্যানকে সাইড দিতে গিয়ে দুটি গাড়ি নিয়ন্ত্রণ হারায়। এসময় ট্রাকটি রাস্তার উপরে উল্টে যায় এবং নাটা হাম্বার গাড়িটি রাস্তার পাশে একটি খাদে পড়ে যায়।

রাস্তার উপরে ট্রাক উল্টে পড়ে থাকায় চরম যানজট সৃষ্টি হয়। নাটা হাম্বার ও ট্রাকের চালক পালিয়ে যাই। তবে এ ঘটনায় কোন হতাহতের

ঘটনা ঘটেনি।

লাটা হাম্বারের চালক গাড়াবাড়িয়া গ্রামের আতাহারের ছেলে ইলিয়াস হোসেন জানান, তিনি গাংনী খাদ্য গুদাম থেকে চাল ভর্তি করে গাড়াবাড়িয়া গ্রামে যাচ্ছিলেন এসময় দ্রুতগতির একটি ট্রাক পিছন থেকে ধাক্কা দিলে তার গাড়ি খাদে পড়ে যায়।

ট্রাকের চালক মেহেরপুর রায়পুর খন্দকার পাড়ার ফজলুর ছেলে সাব্বির জানান,তিনি কুষ্টিয়া থেকে সার নিয়ে মেহেরপুরে যাচ্ছিলেন। নওপাড়া বাজারে পৌঁছালে একটি পাখি ভ্যানকে সাইড দিতে গিয়ে ট্রাকটি নিয়ন্ত্রণ হারিয়ে উল্টে যায়। তিনি আরো জানান ট্রাকটি উল্টে গিয়ে সারের সমস্ত বস্তা রাস্তায় পড়ে গেলেও তার কোন ক্ষয়ক্ষতি হয়নি।

গাংনীতে ব্যবায়ীকে কুপিয়ে মোটরসাইকেল ও মোবাইল ছিনতাই

গাংনী উপজেলার সাহারবাটি—গাঁড়াডোব রাস্তায় ছিনতাই সংঘঠিত হয়েছে। এতে হার্ডওয়্যার ব্যবসায়ী সাদ্দাম হোসেন ওরফে সবুজকে (৩২) রামদা দিয়ে কুপিয়ে মারাত্বক জখম করে মোটরসাইকেল, নগদ টাকা ও মোবাইল ফোন ছিনতাই করেছে।

গতকাল শনিবার দিবাগত রাত সাড়ে ৯ টার সময় সাহারবাটি—গাঁড়াডোব মাঠের মাঝখানে হোগলাগাড়ির মাঠ নামক স্থানে এই ছিনতাইয়ের ঘটনা ঘটে।

সাদ্দাম হোসেন ওরফে সবুজকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। তবে সে বর্তমানে আশংকামুক্ত বলে জানিয়েছেন গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সেরের আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) মারুফ হোসেন।

সাদ্দাম হোসেনের বন্ধু প্রবাস ফেরত লাভলু হোসেন বলেন, সাদ্দাম হোসেন ও আমি মোটরসাইকেল যোগে সাহারবাটি বাজার থেকে গাঁড়াডোব রাস্তায় যাচ্ছিলাম। ওই রাস্তার হোগলগাড়ির মাঠ নামক স্থানে

পৌছানো মাত্রই পিছন থেকে মোটরসাইকেল যোগে ৪/৫ জনের একটি সংঘবদ্ধ ছিনতাইকারী আমাদের মোটরসাইকেল ঘীরে ধরে গতিরোধ করে। আমরা রাস্তার উপর দাঁড়িয়ে পড়লে তারা আমাকে ও সাদ্দাম হোসেনকে হাত পিচ মোড়া দিয়ে বেঁধে ফেলে মাঠের মধ্যে নিয়ে যায়। এসময় সাদ্দাম হোসনের প্যান্টের পকেটে মানিব্যাগে রাখা ১২ হাজার টাকা ও মোটরসাইকেল ছিনতাই করে নিয়ে চলে যায়। এসময় সাদ্দাম হোসেনের পিছনে রামদা দিয়ে একটি কোপ মেরে ফেলে রেখে চলে যায় দূর্বত্তরা।

ব্যবসায়ী সাদ্দাম হোসেন গাংনীর সাবেক এমপি মকবুল হোসেনের ভাগ্নে ও কাজলা এন্টারপ্রাইজ নামের হার্ডওয়্যারের স্বতাধিকারী। লাভলু হোসেন সদস্য প্রবাস ফেরৎ ও গাংনীর চেংগাড়া গ্রামের জামাল উদ্দীনের ছেলে। তবে লাভলু হোসেনকে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়েছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক বলেন, ঘটনা শোনার সাথে ওই এলাকায় পুলিশের পক্ষ থেকে অভিযান শুরু করা হয়েছে।

এদিকে হার্ডওয়্যার ব্যবসায়ী সবুজের উপর হামলা ও ছিনতাই খবর শুনে গাংনী উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোখলেছুর রহমান মুকুল, গাংনী বাজার কমিটির সভাপতি শাওনসহ স্থানীয় আওয়ামীলীগ ও অঙ্গসংগঠণের শত শত নেতা কর্মী হাসপাতালে ভীড় করেন।

গাংনীতে বিস্ফোরক মামলায় ৩ বিএনপি নেতা আটক

মেহেরপুরের গাংনী উপজেলার বিভিন্ন এলাকায় অভিযান পরিচালনা করে বিস্ফোরক মামলায় বিএনপির ৩জন নেতাকে আটক করেছে গাংনী থানা পুলিশ।

গতকাল শুক্রবার (০৭ এপ্রিল) দিবাগত রাতে পুলিশের অভিযানে উপজেলার তেরাইল গ্রামের মৃত জবেদ আলী বিশ্বাসের ছেলে ও বামন্দী ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক নওশাদ আলী, এলাঙ্গী গ্রামের

মোহাম্মদ আলীর ছেলে ও কৃষকদল নেতা বজলুর রশিদ এবং চেংগাড়া গ্রামের নঈমদ্দিনের ছেলে ও ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক নুরুল ইসলামকে আটক করা হয়।

এদিকে গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু বলেন, বিভিন্ন সময়ে আমাদের নেতাকর্মীদের হয়রানি মূলক মিথ্যা মামলা দিয়ে কারাগারে রাখা হচ্ছে। আবার একাধিক মামলার জন্য দিনের পর দিন আদালতে হাজিরা দিতে গিয়ে সংসার চালাতে হিমশিম খাচ্ছে। আমি অবিলম্বে এই মিথ্যা মামলা প্রত্যাহারের দাবি জানাচ্ছি।

গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রাজ্জাক জানান, গাংনী পৌর এলাকার উত্তরপাড়ার পরিত্যক্ত মৎস্য হ্যাচারির মধ্যে দুটি বোমার বিস্ফোরন ও ঘটনাস্থল থেকে তিনটি বোমা উদ্ধারের ঘটনায় সাবেক ছাত্রলীগ নেতা সাহিদুজ্জামান শিপু বাদী হয়ে বিএনপি ও অঙ্গ সংগঠনের ১১ জন নেতাকর্মীর নাম উল্লেখসহ অজ্ঞাত আরো ২০ জনের বিরুদ্ধে বিশেষ ক্ষমতা ও বিম্ফোরক আইনে একটি মামলাটি দায়ের করেন। সেই

ধারাবাহিকতায় গতকাল শুক্রবার রাতে গাংনী থানা পুলিশের এসআই মাসুদ রানা নেতৃত্বে পুলিশের একটি দল অভিযান চালিয়ে ৩জনকে আটক করে। তাদের আজ শনিবার আদালতের মাধ্যমে জেল হাজতে প্রেরণ করা হয়েছে।